দর্শনার বড়বলদিয়া গ্রমে গাঁজাসহ ২ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১ কেজি গাঁজা সহ বড়বলদিয়া গ্রামের দুই জন আটক হয়েছে।

পুলিশ জানায় গতকাল সকাল ৭ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ওসি মাহবুবুর রহমান কাজলের নেতৃত্বে রামনগর টু কার্পাসডাঙ্গা হাইওয়ের প্রতিবন্ধী স্কুলের সামনে থেকে ১ কেজি গাঁজাসহ মোঃ বিপ্লব হোসেন (২০), পিতা-মোঃ আপিল উদ্দিন, মোঃ ইমরান হোসেন (২৫), পিতা-মৃত সোহরাব হোসেনকে আটক করা হয়।

দুই জন আসামির বাড়িই বড়বলদিয়া গ্রামে। এ ঘটনায় এস আই আহম্মেদ আলী বিশ্বাস বাদী হয়ে মামলা দায়ের করেন।

জীবননগরে বালি খেকোকে অর্ধলক্ষাধীক টাকা জরিমানা

জীবননগরে এক বালি খেকোকে অর্ধলক্ষাধীক টাকা জরিমান করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংক এলাকার সাধারণ কৃষকদের অভিযোগের ভিত্তিতে সরেজমিনে জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে রাস্তার পাশে পুকুর খননের নামে বালি তুলে বিক্রি করার সময় হাতে একটি মাটি কাটা ভেকু মেশিন, ১০টি ট্রাক্টরসহ মাধবপুর গ্রামের আইজউদ্দিনের ছেলে শাহ আলমকে (৩০)আটক করে।

এ সময় বালি তুলে বিক্রি করার অপরাধে বালি মহল ও মাটি ব্যবস্থপনা আইনের ২০১০সালের ৪/খ ধারা মতে নগদ ৫০হাজার টাকা জরিমানা অনাদায়ে

৩মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন । এবং বালি তোলার সময় ট্রাক্টরে নষ্ঠ হয়ে যাওয়া রাস্তা মেরামত করে দেওয়ার নির্দেশ প্রদান করেন ।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন বলেন, সাধারণ জনগণের যাতায়াতের সমস্যা হবে এমন কোন কাজ করলে কাউকে ছাড় দেওয়া হবে না ।

মাধবপুর গ্রামে যে ঘটনা ঘটেছে এ ধরনের কোন ঘটনা যদি জীবননগর উপজেলার কোথাও হয় তা হলে আমাকে বললে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

দর্শনায় জেলা পুলিশের কর্মকর্তাদের শুভেচ্ছা এবং সম্মাননা স্বারক প্রদান

চুয়াডাঙ্গা জেলার দর্শনা প্রেসক্লাবে জেলা পুলিশের কর্মকর্তাদের ফুলের শুভেচ্ছা এবং সম্মাননা স্বারক প্রদান ২০২০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো: কলিমুল্লাহ, দর্শনা থানার ওসি (তদন্ত) শেখ মাহবুব ও সার্জেন্ট শ্রী মৃত্যঞ্জয় বাংলাদেশ পুলিশের আইজি ব্যাচ, দর্শনা থানার ওসি মাহাবুবুর রহমান কাজল জেলায় ৪ বার শ্রেষ্ঠ ওসি ভূষিত হওয়ায় তাদের কে ফুলেল শুভেচ্ছা ও সন্মাননা স্বারক প্রদান করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠানটির আয়োজন করা হয়। অনুষ্ঠানটি দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মোশারফ হোসেন, উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের

সেক্রেটারি আওয়াল হোসেন, মাই টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকার আহসান হাবীব মামুন, হানিফ মন্ডল, মনিরুজ্জামান সুমন, আব্দুর রহমান, বাধন, মাসুম বিল্লাল, মেহেদী হাসান, ওয়াসিম রয়েল, চ্যানেল এস চুয়াডাঙ্গা প্রতিনিধি আফজালুল হক বাদল, ফরহাদ হোসেন সহ দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিক।

জীবননগরে ধানের পোকা দমনে যুবদের পার্চিং উৎসব

জীবননগরে ধানের ক্ষতি কারক পোকা ধমনে যুবদের পার্চিং উৎসব ২০২০ পালিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১১ টার সময় জীবননগর উপজেলার কে.ডি.কে ইউনিয়ন যুব কমিটির আয়োজনে জীবননগর উপজেলা কৃষি অফিস ও ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতায় জীবননগর উপজেলার দেহাটি গ্রামের মাঠে এ উৎসব পালন করা হয়।

কে.ডি.কে ইউনিয়ন লোকমোর্চার সভাপতি দাউদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার। বিশষে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দৈনিক প্রথম আলো পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলীর আহবায়ক ও মাই টিভির জীবননগর প্রতিনিধি মিঠুন মাহমুদ

,

ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, উপ-সহকারী কৃষি কর্মকতা নুরুজ্জামান, যুবলীগ নেতা নাজমুল ঘশ, ওয়েভ ফাউন্ডেশন কে.ডি.কে ইউনিয়ন শাখার সমন্বয়কারী নুরুল মোমেন রইচ, যুব সমাজের আহবায়ক সজিব আহম্মেদ, শামীম হোসেনসহ যুব সমাজের সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

জানাযায় , হাসাদাহ ইউনিয়নের মাধবপুর গ্রামের মৃত রব্বানী মন্ডলের ছেলে মুক্তার আলী একই গ্রামে বসবাসকারী মৃত তৈয়ব আলীর কাছ থেকে আর .এস খতিয়ানের ৬৪৪ নং দাগে ৯ শতক এবং ১৪৮৪ দাগে ২ শতক মোট ১১ শতক জমি ক্রয় করেন ।

ক্রয় সূত্রে মুক্তার আলী তৈয়ব আলীর কাছ থেকে ১১/৮/১৯৮৪ সালে রিজিষ্ট্রি করেন যার দলিল নং ৮৩৮ রিজিষ্ট্রির পর থেকে জমিটি মুক্তার আলীর দখলেই ছিল। সম্প্রতি তৈয়ব আলীর ছেলেরা এসে ঐ জমির ফের মালিকানা দাবি করলে সমস্যা সৃষ্টি হয় ।

বিষয়টি নিয়ে মুক্তার আলীর ছেলে নুর-মুহাম্মদের সাথে কথা বললে তিনি বলেন যে, আজ তেকে ২৫ বছর আগে আমার পিতা মুক্তার আলী আমাদের গ্রামের তৈয়ব আলীর কাছ ১১ শতক জমি ক্রয় করেন । সেই থেকে জমিটি আমাদের দখলেই আছে কিন্তু জমিটি সেই সময় খারিজ না করাই সম্প্রতি সময়ে গত বছর খারিজ করতে গেলে তৈয়ব আলীর ছেলে দুদু, সবুজ এবং সুজন আমাদের সাথে ঝামেলা সৃষ্টি করেন এবং জমিটি তার জোর পূর্বক দখল করে নিতে চান ।

বর্তমানে সেই জমিতে আমাদের বসতবাড়ী কিন্তুু হঠাৎ একদিন তৈয়ব আলীর ছেলে দুদু, সুজন, এবং সবুজ আমাদের বসবাড়ীতে আগুন ধরিয়ে দেন এ সময় আমরা বাধা সৃষ্টি করলে দুদু, সুজন এবং সবুজ আমাকে এবং আমার বৃদ্ধ পিতা মুক্তার আলী সহ আমার ছেলে আশান এবং হাচানকে মেরে রক্তাক্ত করেন। এ সময় পাড়া প্রতিবেশিরা এসে আমাদের কে উদ্ধার করে জীবননগর সাস্থ্য কমপ্লেক্সে নিয়ে জান ।

পরে কোন উপায় না পেয়ে আমাদের জীবনের ঝুকি থাকাই জীবননগর থানাই উপরোক্ত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে একটা লিখিত অভিযোগ দায়ের করি। বিষয়টি নিয়ে অভিযুক্তদের সাথে কথা বললে তারা ঘটনার সত্যতা স্বীকার করেন । বর্তমানে এই পরিস্থিতি ঐ গ্রামের সকলেই আতংকের মধ্যেই আছে, না জানি কখোন কার কি হয় ।

দর্শনায় নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা দুইদিন ধরে নিখোঁজ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কামারপাড়া বারাদিতে ওয়াজেদ আলী
(৬৫) নামের এক বৃদ্ধা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে দুই দিনেও সন্ধান মেলেনি।

এ ঘটনায় দর্শনা লোকনাথপুর ফায়ার সার্ভিসের চৌকস দল পরিদর্শন করেছেন পরিদর্শন শেষে এ বিষয়ে সাব অফিসার হাবিবুর রহমান বলেন, দর্শনা থানার সীমান্তবর্তী এলাকা কামারপাড়া বারাদির বিজিবি ক্যাম্পের পাশে গত ২১ তারিখ সোমবার ওয়াজেদ আলী (৬৫) একজন বৃদ্ধা দুপুর ২ টায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে দুই দিন ধরে নিখোঁজ হয়।

স্থানীয় এলাকাবাসী নদীতে অনেক খোজাখুজির পরেও তার কোনো খোঁজ পায়নি। পরে ২২ তারিখ মঙ্গলবার সকালে স্থানীয় লোকজন খোঁজাখুঁজি সময় একজনের পায়ে বাদে এরপর ও তারা তাকে উদ্ধার করতে পারেনি, আর বিষয়টি বাংলাদেশ-ভারত সীমান্ত বলে পরবর্তীতে আর কোন খোঁজার সুযোগ হয়নি।

বিজিবি ক্যাম্প ইনচার্জ বলেন, এটি একটি আন্তর্জাতিক বিষয় উপর লেভেলের অনুমতি ছাড়া এই কাজ করা সম্ভব নয় ।

ফায়ার সার্ভিসের সাব অফিসার হাফিজুর রহমান বলেন, এখানকার পরিস্থিতি দেখে মনে হচ্ছে লাশটি ভেসে ভারতে চলে গেছে এজন্য আমি আমার উপরের লেভেলের কর্মকর্তার সাথে কথা বলে এখন আমি আমার কর্মস্থলে ফিরে যাচ্ছি।

এ বিষয়ে পারিবারিক সূত্রে জানা গেছে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বারাদি বিজিবি ক্যাম্প সংলগ্ন পিতা মৃত আক্কাচ আলী মন্ডল এর ছেলে ওয়াজেদ আলী বাড়ি থেকে দুপুর দেড়টার সময় বের হয়ে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায় তার আসতে দেরি হয় দেখে অনেক খোঁজাখুঁজি করা হয় কিন্তু তার কোন খোঁজ মেলেনি, পরিবারে বইছে শোকের ছায়া।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]